



# প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)



৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন : ৯০০০৮১-৩, ফ্যাক্স : ৮৮০-২৮৩১৪৪৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা/www.pib.gov.bd, ই-মেইল: do@pib.gov.bd, সোশ্যাল মিডিয়া: fb.com.pib.gov.bd

স্মারক সংখ্যা : ১৫.৬২.০০০০.০০২.১৮.০৩(৮).২০-১১

তারিখ : ০৭.০৭.২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর রাজস্বখাতে নিম্নবর্ণিত শূণ্যপদসমূহ পূরণের জন্য জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র.ন.	পদের নাম ও বেতনস্কেল	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	অধ্যাপক (গ্রেড-৪) ৫০০০০ - ৭১২০০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	১(এক)টি	ন্যূনতম ৪২ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী। একাডেমিক পরীক্ষার যে কোন দু'টিতে প্রথম বিভাগ থাকতে হবে। কোন পাবলিক পরীক্ষায় তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়। সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে সাংবাদিকতায় প্রশিক্ষণ/গণযোগাযোগ গবেষণা কাজে ১৪(চৌদ্দ) বছরের অভিজ্ঞতা অথবা জাতীয় পর্যায়ের গণমাধ্যম প্রতিষ্ঠানে যুগ্ম সম্পাদক/নির্বাহী সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক/ সমতুল্য পদমর্যাদায় ১৪(চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। গণযোগাযোগ ও সাংবাদিকতায় থিসিসসহ স্নাতকোত্তর ডিগ্রী/এমফিল ডিগ্রী/পিএইচডি ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা বলে গণ্য হবে।
০২.	সহযোগী অধ্যাপক (গ্রেড-৫) ৪৩০০০ - ৬৯৮৫০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	১(এক)টি	ন্যূনতম ৩৮ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী। একাডেমিক পরীক্ষার যে কোন দু'টিতে প্রথম বিভাগ থাকতে হবে। কোন পাবলিক পরীক্ষায় তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়। সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে গণযোগাযোগ গবেষণা/সাংবাদিকতায় প্রশিক্ষণ কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা অথবা জাতীয় পর্যায়ের গণমাধ্যম প্রতিষ্ঠানে যুগ্ম-বার্তা সম্পাদক/উপপ্রধান প্রতিবেদক/ সমতুল্য পদমর্যাদায় অথবা রেডিও/টেলিভিশনে বার্তা বিভাগে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে থিসিসসহ স্নাতকোত্তর ডিগ্রী/এমফিল ডিগ্রী/পিএইচডি ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা বলে গণ্য হবে।
০৩.	ড্রাইভার (গ্রেড-১৫) ৯৭০০ - ২৩৪৯০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	১(এক)টি	অনুর্ধ্ব ৩০ বৎসর। সর্বশেষ অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে শিথিল যোগ্য	৮ম শ্রেণী পর্যন্ত লেখা পড়া। ড্রাইভার হিসেবে ০৮ (আট) বছরের অভিজ্ঞতাসহ হালকা/ভারী যানবাহন চালাবার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ভাল স্বাস্থ্যের অধিকারী হতে হবে।

### শর্তাবলী:

- প্রার্থীকে দরখাস্ত বাংলায় লিখতে হবে।
- প্রার্থীকে আবেদন পত্র প্রেরণের খামের উপর পদের নাম, নিজ জেলা ও কোটা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- বিভাগীয় প্রার্থীগণ স্ব-স্ব বিভাগের মাধ্যমে আবেদন করতে পারবেন।
- প্রার্থীর বয়স বিজ্ঞপ্তিতে বর্ণিত তফশিল অনুযায়ী হতে হবে। তবে শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধার নাতি/নাতনীদেবের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।  
ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি।  
খ) আবেদনকারী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই জেলার স্ব-স্ব ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।  
গ) প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদের (নামসহ সীল দ্বারা) মূল কপি।  
ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি সত্যায়িত রশ্মিন ছবি।  
ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।  
চ) অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি।  
ছ) ড্রাইভার পদের জন্য ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত কপি।
- মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা নাতি/নাতনীদেবের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিধি-১ শাখা থেকে ০৪ অক্টোবর ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮.২৭৬ নং পরিপত্রে ৯ম গ্রেড ও তদুর্ধ্ব (পূর্বতন ১ম শ্রেণী) এবং ১০ম থেকে ১৩তম গ্রেডের (পূর্বতন ২য় শ্রেণী) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান কোটা পদ্ধতি বাতিল করায় যথাযথভাবে তা অনুসরণ করা হবে।
- ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত পদের প্রার্থীগণ আবেদনপত্রের সাথে ৬০০/- (ছয়শত) টাকা এবং ক্রমিক নং-৩ এ বর্ণিত পদের প্রার্থীর আবেদনপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য পেজর্ডার/ব্যাংক ড্রাফট মহাপরিচালক, পিআইবি, ঢাকা-১০০০ এর অনুকূলে সংযুক্ত করতে হবে।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- লিখিত/মৌখিক/ব্যবহারিকসহ অন্য যেকোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনপত্র বাছাই ও প্রার্থী নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত ছকে মহাপরিচালক, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি), ৩, সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০ বরাবরে আবেদনপত্র আগামী ১০.০৮.২০২০ খ্রি: বিকাল ৫.০০ টার মধ্যে পৌছাতে হবে। ছকটি প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) এর ওয়েবসাইটে (www.pib.gov.bd) পাওয়া যাবে।
- ড্রাইভার পদে ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২  
০৭০৭২০৬  
(মো. ইলিয়াস ভূঁইয়া)  
পরিচালক (প্রশাসন)